

ও আমার দরদী লিরিক্সঃ-

ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।  
ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।

ভাঙ্গা নৌকায় চড়তাম না আর  
দূরের পাড়ি ধরতাম না..  
ভাঙ্গা নৌকায় চড়তাম না আর  
দূরের পাড়ি ধরতাম না,  
তোর নবলাক বাণিজ্যের বেসাত  
এই নায়ে বোঝাই করতাম না,  
আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না,  
ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।

ছিল সোনার দাঁড় পবনের বৈঠা  
ময়ূরপঙ্খী নাও খানা ..  
ওরে চন্দ্র সূর্যুজ গলুই ভরি  
ফুল ছড়াতে দুজনা।  
আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না,  
ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।

শন শন শন শন দরিয়াকে তুলে চেউ  
এই তুফানেতে কেউ গাও পাড়ি দিও না,  
বেসম দইরার পানি দেইখ্যা  
ভয়েতে প্রান বাঁচে না।  
আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না,  
ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।

লবঙ্গ লতিকার দেশে যাবার ছিল বাসনা  
ওরে মাঝ দরিয়ায় নাও ডুবিল  
উপায় কী তায় বল না ?  
আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না,  
ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।

কল কল ছল ছল করে জল টলমল  
আগে চল আগে চল, নাই বল তবু চল,  
ওরে মাঝি তুই কেন হলি আজ বিমনা?  
সামনে নাচে বিজলী লয়ে,  
সামনে নাচে রে.. হো.. আমার দরদী  
সামনে নাচে বিজলী লয়ে  
কন্যা সোনার বরণা।

আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না,  
ও আমার দরদী, আগে জানলে,  
আগে জানলে তোর ভাঙ্গা নৌকায় চড়তাম না।